ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০২১

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতার ক্ষেত্রে ফেলোশিপ প্রদানের লক্ষে বাংলাদেশি মালিকানাধীন সংবাদপত্র, অনলাইন এবং টিভি চ্যানেলে কর্মরত সাংবাদিকদের কাছ থেকে প্রস্তাবনা আহ্বান করছে। এ বছরের ফেলোশিপের প্রস্তাবনা নিম্নোক্ত বিষয়সমূহের জন্য প্রযোজ্য হবে–

১) শিক্ষা
২) স্বাস্থ্য (কোভিড-১৯ অতিমারিসহ)
৩) স্থানীয় সরকার
৪) ভূমি ও
৫) জলবায়ু অর্থায়নে সুশাসন

চূড়ান্তভাবে নির্বাচিত ফেলোকে সম্মানী হিসেবে মোট ১,০০,০০০ (এক লক্ষ) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে। ২০২১ সালে নিম্নোক্ত দুইটি শ্রেণিতে অনুসন্ধানী প্রতিবেদনের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

- **জাতীয় প্রিন্ট মিডিয়া ফেলোশিপ:** যে-কোনো বাংলা ও ইংরেজি জাতীয় দৈনিক সংবাদপত্রে এবং অনলাইন সংবাদ মাধ্যমে কর্মরত সাংবাদিক
- **ইলেক্ট্রনিক মিডিয়া ফেলোশিপ:** বিটিভি, বেসরকারি টিভি চ্যানেলসমূহ এবং রেডিও– তে কর্মরত সাংবাদিক

ফেলোশিপের যোগ্যতা:

- দৈনিক সংবাদপত্র, টেলিভিশন, রেডিও এবং অনলাইন সংবাদ মাধ্যমে কর্মরত ন্যূনতম ৩ বছরের পূর্ণকালীন কর্ম অভিজ্ঞতা;
- অনুসন্ধানী সাংবাদিকতায় রিপোর্ট প্রণয়নের অভিজ্ঞতা; এবং
- বয়স সর্বোচ্চ ৪০ বছর।

আবেদনের নিয়মাবলী:

- কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতি বিবেচনায় নিয়ে শুধু ই-মেইলে প্রস্তাবনা জমা নেওয়া হবে এবং এই ঠিকানায় advocacy@ti-bangladesh.org ই-মেইল পাঠাতে হবে।
- প্রস্তাবনা পাঠানোর ক্ষেত্রে ই-মেইলের বিষয় হিসেবে **'দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০২১'** কথাটি উল্লেখ করতে হবে।
- দুই কপি পাসপোর্ট সাইজ ছবি ও সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ আবেদন করতে হবে;
- আবেদনপত্রের সঙ্গে সর্বোচ্চ ১ হাজার শব্দের মধ্যে একটি অনুসন্ধানী প্রতিবেদনের প্রস্তাবনা ও পরিকল্পনা জমা দিতে হবে;
- প্রস্তাবনায় প্রতিবেদনের যৌক্তিকতা, ফেলোশিপ কর্মসূচির প্রত্যাশিত ফল এবং মাঠ-কর্মকাণ্ডের পরিকল্পনা, সময়সূচি ও সম্ভাব্য বাজেট উল্লেখ করতে হবে;
- আবেদনপত্রের সাথে আবেদনকারী কর্তৃক প্রণীত ও প্রকাশিত/প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদন জমা দিতে হবে;
- আবেদনপত্রের সাথে প্রার্থীর কর্মপ্রতিষ্ঠানের সম্পাদক/নির্বাহী প্রধান এর স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ ও ফেলোশিপে অংশগ্রহণের অনুমতিপত্র জমা দিতে হবে;
- আবেদনপত্রের সাথে কাঙ্ক্ষিত তিনজন পরামর্শকের/মেনটরের নাম প্রস্তাব করতে হবে;
- ইতিপূর্বে যারা টিআইবির অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ পেয়েছেন তারা এই ফেলোশিপের জন্য আর বিবেচিত হবেন না; এবং কোনোভাবেই অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

টিআইবি ট্রাস্টিবোর্ড কর্তৃক মনোনীত জুরি বোর্ড প্রার্থী প্রদত্ত সকল তথ্য, প্রস্তাবনা, পরিকল্পনা মূল্যায়ন এবং সাক্ষাৎকারের ভিত্তিতে চূড়ান্ত ফেলো নির্বাচন করবেন। চূড়ান্ত ফেলো নির্বাচনের দিন থেকে প্রতিটি ফেলোশিপের জন্য সময়কাল সর্বোচ্চ তিন মাস।

প্রস্তাবনা জমা দেওয়ার বর্ধিত তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২১

পরিচালক, আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন বিভাগ, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
মাইডাস সেন্টার, লেভেলস - ৪ ও ৫, বাড়ি - ০৫, সড়ক - ২৭ (পুরাতন) ১৬ (নতুন), ধানমণ্ডি, ঢাকা - ১২০৯
ফোন: ৪৮১১৩০৩২, ৪৮১১৩০৩৩, ৪৮১১৩০৩৬, ই-মেইল: **advocacy@ti-bangladesh.org**

দুর্নীতি থামান ...এখনই